# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 08 April, 2025

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি পোস্টে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য করার অভিযোগে এক ইমামকে গ্রেফতার করেছে আশুলিয়া থানা পুলিশ।

মঙ্গলবার (৮ই এপ্রিল) সকালে মুফতি এবাদুল ইসলাম ফরিদীকে আদালতে প্রেরণ করা হয়েছে।এর আগে ওই ব্যক্তিকে সোমবার রাতে বরিশালের নিজ বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে বলে জানান আশুলিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি অপারেশন) সাইফুল ইসলাম সুমন।

মুফতি এবাদুল ইসলাম ফরিদী বরিশাল জেলার উজিরপুর থানার সালতা হাওলাদার বাড়ির আব্দুল হক হাওলাদারের ছেলে।সে আশুলিয়ার শ্রীখন্ডিয়া নূর জামে মসজিদের ইমাম হিসেবে কর্মরত।

পুলিশ জানান, ৫ এপ্রিল ব্লগার পিনাকী ভট্টাচার্যের একটি পোস্টে ওই ইমাম তার ফেসবুক আইডি থেকে কমেন্ট বক্সে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য করেন।এই বিষয়টি দলের নেতাকর্মীদের নজরে আসলে তারা থানায় একটি মামলা করেন। সেই মামলার প্রেক্ষিতে বরিশালের উজিরপুর থেকে গতকাল রাতে গ্রেফতার করে আশুলিয়া থানায় নিয়ে আসা হয়।

মামলার বাদী আশুলিয়ার ধামসোনা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড যুবদলের সিনিয়র সহ-সভাপতি আতাউর রাহিম এজাহারে উল্লেখ করেন, গত ৫ এপ্রিল ওই ইমাম তার ফেসবুক আইডি থেকে একটি পোস্টের কমেন্ট বক্সে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য করেন।ওই কমেন্ট নিয়ে দলের নেতা-কর্মীদের মাঝে ক্ষোভ ও ভাবমূর্তি ক্ষুন্ন হয়।এ কারণে তিনি এই ঘটনায় আশুলিয়া থানায় একটি সাইবার নিরাপত্তা আইনে মামলা করেন।

এ বিষয়ে আশুলিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি অপারেশন) সাইফুল ইসলাম সুমন বলেন, মামলার পর পর তাকে ধরতে বরিশাল একটি টীম পাঠিয়ে তাকে গ্রেপ্তার করা হয়েছে।তাকে সাত দিনের রিমান্ড চেয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

খালেদা জিয়া গ্রেফতার ইমাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:12